৪.১০. **"তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন" প্রকল্প:** প্রকল্প পরিচালক সভায় জানান যে, "তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ০৪ (চার)টি প্যাকেজের আওতায় আউটসোর্সিং ফার্ম/ প্রতিষ্ঠান/কোম্পানির মাধ্যমে কৃত্রিম বুদিধমত্তা (এ আই) প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত মোট ২২ (বাইশ) টি প্রতিষ্ঠান/ কোম্পানী/ফার্ম হতে প্রাপ্ত RFP'র কারিগরি মূল্যায়ন ও আর্থিক মূল্যায়ন কার্যক্রম দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক সম্পন্ন ও চূড়ান্তভাবে প্রণীত হয়। অতঃপর গত ১০-০৬-২০২৬ খ্রি. তারিখ ০৪ টি প্রতিষ্ঠানের সাথে নেগোসিয়েশন সম্পন্ন হয়। সুপারিশকৃত ও নেগোশিয়েনকৃত ০৪টি প্রতিষ্ঠানের সাথে চূড়ান্ত চুক্তি অনুমোদনের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে ১১-০৬-২০২৬ খ্রি. তারিখে পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে ২৫ জুন ২০২৬ খ্রি. তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে প্রস্তাব ও খসড়া চুক্তির অনুমোদন প্রদান করা হয় এবং ০৪ (চার) টি প্যাকেজের আওতায় ০৪ (চার) টি প্রতিষ্ঠানকে গত ২৫ জুন ২০২৬ খ্রি. তারিখ NoA প্রদান করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৩০.৯২ লক্ষ টাকা। জুন ২০২৬ পর্যন্ত ব্যয় ১২.২৬ লক্ষ টাকা। অতঃপর ০৪ (চার) টি প্যাকেজের আওতায় আউটসোর্সিং ফার্ম/ প্রতিষ্ঠান/কোম্পানির মাধ্যমে কৃত্রিম বুদিধমত্তা (এ আই) প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ০৪ (চার) টি প্রতিষ্ঠানের সাথে ১৪/০৭/২০২৬খ্রি. তারিখে চুক্তি করা হবে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
(ক) ২০২৬-২৭ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।
(খ) চুক্তির আনুষ্ঠানিকতা শেষে দ্রুততম সময়ে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে।

৪.১১ এছাড়া ২০২৫-২৬ অর্থ বছরে অননুমোদিত নতুন প্রকল্পসমূহের ডিপিপি/টিএপিপি প্রণয়ন ও অনুমোদন ও অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:
২০২৫-২৬ অর্থ বছরে অননুমোদিত নতুন প্রকল্পসমূহের ডিপিপি/টিএপিপি প্রণয়ন ও সংশোধণ কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে।

৫.০ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত প্রতিবেদন প্রতি মাসের প্রথম ২ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা উইংএ প্রেরণ নিশ্চিত করতে হবে।

৬.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

২৬.০৭.২০২৬

(মোঃ মোতাহার হোসেন)
মহাপরিচালক
ফোনঃ ০২-২২৩৩৮৯৩৮৯
dg@dyd.gov.bd

